# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৯৪৯

৩০/ সৎ ব্যবহার ও সম্পর্ক রক্ষা (كتاب البر والصلة عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ প্রতিবেশীর হক।

باب مَا جَاءَ فِي حَقِّ الْجِوَارِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الأَعْلَى، حَدَّثَنَا سُفْيَانُ بْنُ عُيَيْنَةَ، عَنْ دَاوُدَ بْنِ شَابُورَ، وَبَشِيرٍ أَبِي إِسْمَاعِيلَ، عَنْ مُجَاهِدٍ، أَنَّ عَبْدَ اللَّهِ بْنَ عَمْرٍو، ذُبِحَتْ لَهُ شَاةٌ فِي أَهْلِهِ فَلَمَّا جَاءَ قَالَ أَهْدَيْتُمْ لِجَارِنَا الْيَهُودِيِّ أَهْدَيْتُمْ لِجَارِنَا الْيَهُودِيِّ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ " مَا زَالَ جِبْرِيلُ يُوصِينِي بِالْجَارِ حَتَّى ظَنَنْتُ أَنَّهُ سَيُوَرِّثُهُ " . قَالَ وَفِي الْبَابِ عَنْ عَائِشَةَ وَابْنِ عَبَّاسٍ وَأَبِي هُرَيْرَةَ وَأَنَسٍ وَالْمِقْدَادِ بْنِ الأَسْوَدِ وَعُقْبَةَ بْنِ عَامِرٍ وَأَبِي شُرَيْحٍ وَأَبِي أُمَامَةَ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ مِنْ هَذَا الْوَجْهِ . وَقَدْ رُوِيَ هَذَا الْحَدِيثُ عَنْ مُجَاهِدٍ عَنْ عَائِشَةَ وَأَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم أَيْضًا .

বাংলা

১৯৪৯। মুহাম্মদ ইবনু আবদুল আ’লা (রহঃ) ... মুজাহিদ (রহঃ) থেকে বর্ণিত, একবার আবদুল্লাহ ইবনু আমর রাদিয়াল্লাহু আনহু-এর পরিবারে একটি বকরী যবাহ করা হয়। তিনি আসার পর বললেনঃ আমাদের ইয়াহূদী প্রতিবেশীকে তোমরা কিছু হাদীয়া দিয়েছ? আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি যে, জিবরীল (আঃ) সব সময়ই আমাকে প্রতিবেশী সম্পর্কে এত ওসীয়ত করেছেন যে, আমার ধারণা হয়েছিল যে, তাকেও শীঘ্রই ওয়ারিস বানিয়ে দেওয়া হবে। সহীহ, ইরওয়া ৮৯১, বুখারী, তিরমিজী হাদিস নম্বরঃ ১৯৪৩ [আল মাদানী প্রকাশনী]

এ বিষয়ে আয়িশা, ইবনু আব্বাস, উকবা ইবনু আমির, আবূ হুরায়রা, আনাস, আবদুল্লাহ ইবনু আমর, মিকদাদ ইবনুল আসওয়াদ, আবূ শুরায়হ ও আবূ উসামা রাদিয়াল্লাহু আনহুম থেকেও হাদীস বর্ণিত আছে। হাদীসটি হাসান; এ সূত্রে গারীব। মুজাহিদ আয়িশা রাদিয়াল্লাহু আনহা এবং আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে এ হাদীসটি বর্ণিত রয়েছে।

## English

Mujahid narrated:
"Abdullah bin Amr had a sheep slaughtered for his family, so when he came he said: 'Have you given some to our neighbor, the Jew? Have you given some to our neighbor, the Jew? I heard the Messenger of Allah saying: 'Jibril continued to advise me about (treating) the neighbors so (kindly and politely), that I thought he would order me (from Allah) to make them heirs."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন ▯ বর্ণনাকারীঃ মুজাহিদ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=22945

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন